
# ইরানে হামলা হলে বাব এল-মানদেব বন্ধের হুমকি হুথিদের



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ইরানের বিদ্যুৎ নেটওয়ার্ক ও অবকাঠামোতে হামলা চালালে লোহিত সাগরের প্রবেশপথ বন্ধ করে দিতে ইয়েমেনের হুথি বিদ্রোহীদের নির্দেশ দিয়েছে ইরান। বৃহস্পতিবার (১৬ জুলাই) রয়টার্স এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

রয়টার্সের প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্র যদি ইরানের বিদ্যুৎ অবকাঠামো লক্ষ্য করে হামলা চালায়, তাহলে লোহিত সাগরের তেল পরিবহন পথ বন্ধ করে দেওয়ার জন্য প্রস্তুত থাকতে হুথিদের নির্দেশ দেওয়া হয়েছে। এ বিষয়ে রয়টার্সকে তিনটি পৃথক সূত্র তথ্য দিয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে দুই জ্যেষ্ঠ ইরানি সূত্র জানায়, ইসলামী প্রজাতন্ত্র ইরানের শীর্ষ নেতৃত্বের মধ্যে এ পরিকল্পনা নিয়ে আলোচনা হয়েছে এবং বিষয়টি ইতোমধ্যে তাদের হুথি মিত্রদের কাছেও পৌঁছে দেওয়া হয়েছে।

এদিকে একটি সূত্র জানিয়েছে, বাব এল-মানদেব প্রণালীর আশপাশে হুথিরা ড্রোন মোতায়েন করেছে।

হুথিদের ঘনিষ্ঠ একটি সূত্রের দাবি, লোহিত সাগরের প্রবেশদ্বার বাব এল-মানদেব প্রণালীর কাছে, হোদাইদাহ ও এডেন উপসাগর সংলগ্ন ইয়েমেনের উচ্চভূমিতে জাহাজ চলাচল লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন মোতায়েন করা হয়েছে।

সূত্রটি আরও জানায়, সম্ভাব্য হামলার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং হুথি যোদ্ধারা এখন হামলা শুরুর নির্দেশের অপেক্ষায় রয়েছে।